# Times Today BD

শিবলী রহমান শিপু। ঢাকা। 16 May, 2025

সিরাজগঞ্জের বেলকুচি থানায় দায়েরকৃত আলোচিত ইমন হত্যা মামলার এজাহারভুক্ত প্রধান আসামী মো. মাসুদ রানা (২৩) কে রাজধানীর ক্যান্টনমেন্ট থানাধীন পশ্চিম মানিকদি এলাকা থেকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-১২।

র‍্যাব-১২ ও র‍্যাব-৪ এর যৌথ অভিযানে আধুনিক তথ্য প্রযুক্তির সহায়তায় গত রাত সাড়ে বারোটার দিকে গ্রেফতার অভিযান পরিচালিত হয়।

শুক্রবার (১৬ মে) সকালে র‍্যাব-১২'র প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে র‍্যাব-১২'র অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মো. আতিকুর রহমান মিয়া জানান, গত ১৪ এপ্রিল একটি সামাজিক ঘটনাকে কেন্দ্র করে মাসুদ রানা ও ভিকটিম ইমন হোসেনের মধ্যে কথাকাটাকাটি ও পরে মারামারির ঘটনা ঘটে। ঘটনার চারদিন পর ১৮ এপ্রিল দৌলতপুর ডিগ্রি কলেজ মাঠ সংলগ্ন শহীদ মিনার এলাকায় মাসুদ রানার উপর হামলা চালায় ইমন ও তার সহযোগীরা।এই ঘটনার জেরে প্রতিশোধ নিতে গিয়ে মাসুদ রানা ও তার সহযোগীরা বেহাপাড়া এলাকায় ইমনকে ধরে তার মাথায় লাঠি দিয়ে আঘাত করে।

পরবর্তীতে গুরুতর আহত ইমনকে চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসা শেষে তাকে বাড়িতে নেওয়া হলেও, শারীরিক অবস্থার অবনতি হলে ২৫ এপ্রিল সকালে পুনরায় হাসপাতালে নেওয়া হয় এবং সকাল সাড়ে ৭ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এই ঘটনায় বেলকুচি থানায় হত্যা মামলা দায়ের করা হয় ( যাহার মামলা নম্বর: ১৭, তারিখ: ২৭/০৪/২০২৫)।মামলার অন্য আসামী মো. সাকিব (২০) কে গত ৯ মে রাতে র‍্যাব-১ ও র‍্যাব-১২ এর যৌথ অভিযানে গ্রেফতার করা হয়েছিল।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বেলকুচি থানায় হস্তান্তর করা হয়েছে।

গ্রেফতার হত্যা আসামী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:09

URL: https://www.timestodaybd.com/dhaka/7758072562